# 2022

## PHILOSOPHY — HONOURS

**Paper : CC-1**

**(Indian Philosophy-I)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) চার্বাক মতে চতুর্ভূতের উপাদান কোনটি নয়?

(অ) ক্ষিতি (আ) অপ

(ই) তেজ (ঈ) ব্যোম।

(খ) চার্বাক মতে, মানুষের জীবনে পরম কাম্য হল

(অ) ধর্ম (আ) অর্থ

(ই) কাম (ঈ) মোক্ষ।

(গ) জৈনদের জ্ঞানতাত্ত্বিক মতবাদটি হল

(অ) অনেকান্তবাদ (আ) স্যাদ্‌বাদ

(ই) পুদ্‌গলবাদ (ঈ) কোনোটিই নয়।

(ঘ) জৈন মতে, অনস্তিকায় দ্রব্য হল

(অ) জীব (আ) অজীব

(ই) কাল (ঈ) জড় পরমাণু।

(ঙ) আত্মা সম্পর্কে বৌদ্ধ মত হল

(অ) দেহাত্মবাদ (আ) নৈরাত্ম্যবাদ

(ই) অদ্বৈতবাদ (ঈ) দ্বৈতবাদ।

(চ) বৌদ্ধ কার্যকারণতত্ত্ব হল

(অ) দেহাত্মবাদ (আ) ক্ষণিকবাদ

(ই) মায়াবাদ (ঈ) প্রতীত্যসমুৎপাদবাদ।

Please Turn Over

(ছ) যোগাচার দার্শনিকগণ

(অ) বস্তুবাদী (আ) ভাববাদী

(ই) বাহ্য-প্রত্যক্ষবাদী (ঈ) বাহ্য-অনুমেয়বাদী

(জ) ন্যায়মতে সবিকল্পক প্রত্যক্ষকে যে প্রমাণের দ্বারা জানা যায়, তা হল

(অ) অনুমান (আ) প্রত্যক্ষ

(ই) উপমান (ঈ) শব্দ।

(ঝ) ন্যায়মতে যথার্থ অনুমিতি হল

(অ) প্রমেয় (আ) প্রমাণ

(ই) প্রমাতা (ঈ) প্রমিতি।

(ঞ) চক্ষু ইন্দ্রিয়ের দ্বারা পটরূপের প্রত্যক্ষে সন্নিকর্ষটি হল

(অ) সমবায় (আ) সংযোগ

(ই) সংযুক্ত সমবায় (ঈ) সমবেত-সমবায়।

(ট) বৈশেষিক দর্শনে স্বীকৃত ভাবপদার্থের সংখ্যা

(অ) সাতটি (আ) দশটি

(ই) ছয়টি (ঈ) নয়টি।

(ঠ) বৈশেষিক দর্শনে স্বীকৃত সমবায়

(অ) এক (আ) দুই

(ই) চার (ঈ) বহু।

২। নিম্নলিখিত *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৫

(ক) ব্যাপ্তি সম্বন্ধ চার্বাকগণের দ্বারা স্বীকৃত হয়নি কেন? যুক্তি দাও।

(খ) জৈনদর্শনসম্মত দ্রব্যের বিভাগ দৃষ্টান্তসহ সংক্ষেপে ব্যাখ্যা করো।

(গ) সৌত্রান্তিক ও বৈভাষিক দর্শন সম্প্রদায়ের মতবাদের মূল প্রভেদ কোথায়?

(ঘ) বৈশেষিকদর্শনসম্মত দ্রব্যের লক্ষণ কী? দ্রব্য কয়প্রকার ও কী কী?

(ঙ) ন্যায়মতে নির্বিকল্পক প্রত্যক্ষ জানা যায় কীরূপে? ব্যাখ্যা করো।

(চ) উদাহরণসহ কেবলব্যতিরেকী ও কেবলান্বয়ী অনুমিতির পার্থক্য ব্যাখ্যা করো।

(ছ) বৈশেষিক মত অবলম্বনে সামান্যের প্রকারভেদ আলোচনা করো।

(জ) বৌদ্ধদর্শনসম্মত প্রতীত্যসমুৎপাদবাদ আলোচনা করো।

নিম্নলিখিত *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও।

৩। চার্বাকগণের আত্মাসম্পর্কীয় মতবাদ বিশদে ব্যাখ্যা করো। এই মতবাদ কি গ্রহণযোগ্য? আলোচনা করো। ১০+৫

৪। জৈন দর্শনে স্বীকৃত আধিবিদ্যক তত্ত্বটি আলোচনা করো। জৈন জ্ঞানতত্ত্বিক মতবাদ সমালোচনাসহ ব্যাখ্যা করো। জৈন আধিবিদ্যক তত্ত্ব ও জৈন জ্ঞানতাত্ত্বিক মতবাদ কীভাবে সম্পর্কিত? ৪+৩+৮

৫। ন্যায়মত অবলম্বনে ব্যাপ্তির লক্ষণ দাও। ন্যায়মত অনুসারে ব্যাপ্তিগ্রহ কীভাবে হয় ব্যাখ্যা করো। ৫+১০

৬। বৈশেষিকসম্মত সমবায়ের স্বরূপ বিশদে আলোচনা করো। সমবায় ও সংযোগের মধ্যে পার্থক্য নির্দেশ করো। ১০+৫

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option (***any ten***) : 1×10

(a) Which of the following, according to the Cārvāka-s is not the element of *Caturbhūta*?

(i) Earth (ii) Water

(iii) Fire (iv) Ether.

(b) The ultimate goal of human life, according to the Cārvāka, is

(i) *dharma* (ii) *artha*

(iii) *kāma* (iv) *mokṣa*.

(c) The epistemological theory of the Jainas is

(i) *anekāntavāda* (ii) *syādvāda*

(iii) *pudgalavāda* (iv) none of these.

(d) According to the Jainas a non-extended (*anastikāya*) substance is

(i) *jīva* (ii) *ajīva*

(iii) *kāla* (iv) inert atom.

(e) Buddhist doctrine regarding self is

(i) *Dehātmavāda* (ii) *Nairātmavāda*

(iii) *Advaitāvāda* (iv) *Dvaitavāda*.

(f) Buddhist doctrine of causal relation is

(i) *Dehātmavāda* (ii) *Kṣanikvāda*

(iii) *Māyāvāda* (iv) *Pratityasamutpādvāda*.

(g) Yogācāra philosophers are

(i) Realist (ii) Idealist

(iii) Vāhyapratyakṣavādīns (iv) Vāhyaanumeyavādīns.

(h) In Nyāya Savikalpaka perception is known through

(i) *anumāna* (Inference) (ii) *pratyakṣa* (Perception)

(iii) *upamāna* (Comparison) (iv) *śabda* (Verbal Testimony).

(i) According to Nyāya valid influence *anumiti* is

(i) *prameya* (ii) *pramāṇa*

(iii) *pramātā* (iv) *pramiti*.

(j) In the visual perception of the colour of the cloth, the operative relation (*Sannikarṣa*) involved is

(i) *samavāya* (ii) *saṁyoga*

(iii) *saṁjukta-samavāya* (iv) *samaveta-samavāya*.

(k) The number of positive entities accepted in Vaiśeṣika philosophy is

(i) seven (ii) ten

(iii) six (iv) nine.

(l) *Samavāya* (Inherence), accepted in Vaiśeṣika philosophy, is

(i) one (ii) two

(iii) four (iv) many.

**2.** Answer ***any five*** questions of the following : 5×5

(a) Why the relation of *vyāpti* is not accepted by the *Cārvākas*? Give arguments.

(b) Explain in brief the classification of substance accepted in Jaina philosophy with example.

(c) Wherein lies the main distinction between the doctrine of the *Sautrāntika* and the *Vaibhāṣika* philosophical schools?

(d) What is the definition of substance accepted in *vaiśeṣika* philosophy? How many types of substance are there and what are these?

(e) How is *nirvikalpaka* (Indeterminate) perception known in Nyāya? Explain.

(f) Explain with example the distinction between *kevalavyatirekī* and *kevalānvaī anumiti* (inference).

(g) Discuss the classification of *sāmānya* following *Vaiśeṣikas*.

(h) Discuss the doctrine of *pratityasamutpād* (dependent origination) after Bauddha philosophy.

Answer ***any two*** questions of the following.

**3.** Explain in detail the doctrine of self of the Cārvākas. Is this doctrine tenable? Discuss. 10+5

**4.** Discuss the metaphysical theory of the Jainas. Critically explain the epistemological theory of the Jainas. How are Jaina metaphysical theory and Jaina epistemological theory related? 4+3+8

**5.** Define *Vyāpti* after Nyāya. Explain after Nyāya, how *vyāpti* is known. 5+10

**6.** Discuss in detail, the nature of *Samavāya*, accepted in Vaiśeṣika philosophy. Indicate the distinction between *Samavāya* and *Saṃyoga*. 10+5

---